# আশ-শূরা | Ash-Shura | ٱلشُّورىٰ

আয়াতঃ ৪২ : ৪৪

### আরবি মূল আয়াত:

وَ مَن يُّضلِلِ اللّٰهُ فَمَا لَهٗ مِن وَّلِيٍّ مِّن بَعدِهٖ ؕ وَ تَرَی الظّٰلِمِينَ لَمَّا رَاَوُا العَذَابَ يَقُولُونَ هَل اِلٰی مَرَدٍّ مِّن سَبِيلٍ ﴿۴۴﴾

### অনুবাদসমূহ:

আর আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন, তারপর তার জন্য কোন অভিভাবক নেই। আর তুমি যালিমদেরকে দেখবে, যখন তারা আযাব প্রত্যক্ষ করবে তখন বলবে, ‘ফিরে যাওয়ার কোন পথ আছে কি’? — আল-বায়ান

আল্লাহই যাকে পথভ্রষ্ট করেন, তার জন্য তিনি ছাড়া কোন অভিভাবক নেই। তুমি দেখবে, যখন যালিমরা ‘আযাব প্রত্যক্ষ করবে তখন বলবে- ফিরে যাওয়ার কোন পথ আছে কি? — তাইসিরুল

আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন তার জন্য কোন অভিভাবক নেই। যালিমরা যখন শাস্তি প্রত্যক্ষ করবে তখন তুমি তাদেরকে বলতে শুনবেঃ প্রত্যাবর্তনের কোন উপায় আছে কি? — মুজিবুর রহমান

And he whom Allah sends astray - for him there is no protector beyond Him. And you will see the wrongdoers, when they see the punishment, saying, "Is there for return [to the former world] any way?" — Sahih International

৪৪. আর আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন, এরপর তার জন্য কোন অভিভাবক নেই। আর যালিমরা যখন শাস্তি দেখতে পাবে তখন আপনি তাদেরকে বলতে শুনবেন, ফিরে যাওয়ার কোন উপায় আছে কি?

-

তাফসীরে জাকারিয়া

(৪৪) আল্লাহ কাউকেও পথভ্রষ্ট করলে তার জন্য তিনি ব্যতীত কোন অভিভাবক নেই। আর সীমালংঘনকারীরা যখন শাস্তি প্রত্যক্ষ করবে, তখন তুমি ওদেরকে বলতে শুনবে, আমাদের কি ফিরে যাওয়ার কোন উপায় নেই?

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4316

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন